

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর  
বাংলাদেশ, ঢাকা।  
[www.dshe.gov.bd](http://www.dshe.gov.bd)

স্মারক নং- ৩৭.০২.০০০০.১১৪.২০.৪০১.২৫-৬৪৬

তারিখ: ১৭/১১/২০২৫ খ্রি।

**বিষয়: এমপিওভুক্ত শিক্ষক-কর্মচারীগণের জন্য 'বাড়ি ভাড়া ভাতা' প্রদান।**

**সূত্র:** (১) অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের স্মারক নং: ০৭.০০.০০০০.১৭৩.৩১.০৪৮.১০-২৬৩; তারিখ: ২১.১০.২০২৫;  
(২) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক: ৩৭.০০.০০০০.০০০.০৬৪.২০.০০০৩.২৫.১৪২২; তারিখ :  
২৮/১০/২০২৫।

উপর্যুক্ত বিষয়ে অর্থ বিভাগ এবং মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ কর্তৃক জারিকৃত সূত্রোক্ত পত্রের মাধ্যমে বিদ্যমান বাজেটের সীমাবদ্ধতা বিবেচনায় নিয়ে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে কর্মরত এমপিওভুক্ত শিক্ষক-কর্মচারীদের বাড়ি ভাড়া ভাতা নিম্নোক্ত শর্তাদি পরিপালন সাপেক্ষে ১ নভেম্বর ২০২৫ তারিখ হতে মূল বেতনের ৭.৫ শতাংশ হারে (সর্বনিম্ন ২০০০ টাকা) এবং ১ জুলাই ২০২৬ তারিখ হতে উক্ত ৭.৫ শতাংশের অতিরিক্ত আরও ৭.৫ শতাংশ অর্থাৎ মূল বেতনের সর্বমোট ১৫ শতাংশ হারে (সর্বনিম্ন ২০০০ টাকা) প্রদানে সম্মতি জ্ঞাপন করা হয়েছে।


**শর্তসমূহ:**

- (ক) পরবর্তী বেতনক্ষেত্রে বর্ণিত অতিরিক্ত সুবিধাটি সমন্বয় করতে হবে;
- (খ) এমপিওভুক্ত 'বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (স্কুল ও কলেজ) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০২১', 'বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রাসা) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা ২০১৮ (২৩ নভেম্বর ২০২০ পর্যন্ত সংশোধিত)'; 'বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (ভোকেশনাল, ব্যবসায় ব্যবস্থাপনা, কৃষি ডিপ্লোমা ও মৎস্য ডিপ্লোমা) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮ (২৩ নভেম্বর ২০২০ পর্যন্ত সংশোধিত)' এবং সরকারি কর্তৃক সময়ে সময়ে জারিকৃত এ সংক্রান্ত প্রজ্ঞাপন/আদেশ/পরিপত্র/নীতিমালা অনুসরণপূর্বক নিয়োগের শর্তাদি পালন করতে হবে;
- (গ) বর্ণিত বাড়ি ভাড়া ভাতা বৃদ্ধির ক্ষেত্রে এমপিওভুক্ত বেসরকারি শিক্ষক/কর্মচারীগণ কোন বকেয়া প্রাপ্য হবেন না;
- (ঘ) ভাতা প্রদানের ক্ষেত্রে সকল আর্থিক বিধি-বিধান অবশ্যই পালন করতে হবে; এবং
- (ঙ) এ ভাতা সংক্রান্ত ব্যয়ে ভবিষ্যতে কোন অনিয়ম দেখা দিলে বিল পরিশোধকারী কর্তৃপক্ষ উক্ত অনিয়মের জন্য দায়ী থাকবেন।

এমতাবস্থায়, এমপিওভুক্ত শিক্ষক-কর্মচারীগণ ১ নভেম্বর ২০২৫ তারিখ হতে অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক নির্ধারিত হারে 'বাড়ি ভাড়া ভাতা' প্রাপ্য হবেন মর্মে নির্দেশক্রমে অবহিত করা হলো।

**বিতরণ:**

- ১। অধ্যক্ষ, বেসরকারি কলেজ (সকল);
- ২। প্রধান শিক্ষক, বেসরকারি মাধ্যমিক/ নিম্ন মাধ্যমিক বিদ্যালয় (সকল)।

  
১৭/১১/২০২৫  
(মোঃ জাহাঙ্গীর আলম)  
সহকারী পরিচালক (বাজেট)  
ফোন: ০২-৪১০৫২১৬৫

(পরবর্তী পাতায়)

## পাতা-০২

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। পরিচালক (সকল); [পরিচালক, আঞ্চলিক মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকাল)-কে তাঁর অধীনস্থ সকল বেসরকারি কলেজ এবং বেসরকারি মাধ্যমিক বিদ্যালয়কে বিষয়টি অবহিতকরণের অনুরোধসহ];
- ২। উপসচিব (বাজেট), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা;
- ৩। উপপরিচালক (সকল);
- ৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, ইএমআইএস সেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা (পত্রটি মাউশি'র ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
- ৫। জেলা শিক্ষা অফিসার (সকল);
- ৬। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা;
- ৭। অফিস কপি।